

March-09

আহছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে আন্তর্জাতিক নারী দিবস ২০২০ উদযাপন  
Published : Tuesday, 10 March, 2020 at 1:09 AM



“প্রজন্ম হোক সমতার সকল নারীর অধিকার”  
এই স্লোগানে রবিবার আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে ঢাকা আহছানিয়া মিশনের স্বাস্থ্য সেক্টর পরিচালিত ইউপিএইচসিএসডিপি ডিএনসিসি পিএ-৩ ২য় পর্যায় প্রকল্প ও আহছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের উদ্যোগে মানববন্ধন ও আলোচনা সভা আয়োজন করা হয়। দিবস

উদযাপনের শুরু হয় সকালে ইউপিএইচসিএসডিপি ডিএনসিসি পিএ-৩ ২য় পর্যায় প্রকল্প অফিসের সামনে থেকে সকল স্টাফদের অংশগ্রহণে র্যা লী ও মানব বন্ধন শেষ হয়। উক্ত প্রোগ্রামে ঢাকা আহছানিয়া মিশনের স্বাস্থ্য সেক্টরের সহকারী পরিচালক মোঃ মোখলেছুর রহমান উপস্থিত ছিলেন। এরপর মিরপুরে প্রকল্প অফিসের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন ঢাকা আহছানিয়া মিশনের স্বাস্থ্য সেক্টরের পরিচালক ইকবাল মাসুদ এবং সভায় সভাপতিত্ব করেন ইউপিএইচসিএসডিপি ডিএনসিসি পিএ-৩ প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক ডা. নায়লা পারভীন। সভাটি সঞ্চালনা করেন আহছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের প্রোগ্রাম অফিসার উম্মে জান্নাত।

বিকালে কেন্দ্রে আহছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে কেন্দ্রে চিকিৎসারত সকল রোগী, রিকোভারীগন ও স্টাফগন অংশগ্রহন করেন। এছাড়াও উক্ত দিবস উপলক্ষে কেন্দ্রে চিকিৎসারত রোগীদের অনুভূতি নিয়ে দেয়ালিকা তৈরি, সাজসজ্জা করা হয় ও বিশেষ খাবারের আয়োজন করা হয়। সবশেষে কেক কাটার মধ্য দিয়ে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন প্রোগ্রাম শেষ হয়। সূত্র: সংবাদ বিজ্ঞপ্তি

<http://www.natun->

[barta.com/53137/151/%E0%A6%86%E0%A6%B9%E0%A7%8D%E0%A6%9B%E0%A6%BE%E0%A6%A8%00%A6%BF%E0%A7%9F%E0%A6%BE-%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%B6%E0%A6%A8-%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%80-%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A6%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%95%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BF-%E0%A6%9A%E0%A6%BF%E0%A6%95%E0%A6%BF%E0%A7%8E%E0%A6%B8%E0%A6%BE-%E0%A6%93-%E0%A6%AA%E0%A7%81%E0%A6%A8%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%A8--%E0%A6%95%E0%A7%87%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A6%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%87](http://www.natun-barta.com/53137/151/%E0%A6%86%E0%A6%B9%E0%A7%8D%E0%A6%9B%E0%A6%BE%E0%A6%A8%00%A6%BF%E0%A7%9F%E0%A6%BE-%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%B6%E0%A6%A8-%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%80-%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A6%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%95%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BF-%E0%A6%9A%E0%A6%BF%E0%A6%95%E0%A6%BF%E0%A7%8E%E0%A6%B8%E0%A6%BE-%E0%A6%93-%E0%A6%AA%E0%A7%81%E0%A6%A8%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%A8--%E0%A6%95%E0%A7%87%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A6%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%87)

[%E0%A6%86%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%9C%E0%A6%BE  
%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%80-  
%E0%A6%A6%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%B8-  
%E0%A7%A8%E0%A7%A6%E0%A7%A8%E0%A7%A6-  
%E0%A6%89%E0%A6%A6%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%AA%E0%A6%A8](#)